

🔳 আল-মুতাফফিফীন | Al-Mutaffifin | المُطَفِّفِين

আয়াতঃ ৮৩:১

💵 আরবি মূল আয়াত:

وَيلٌ لِّلمُطَفِّفِينَ ﴿١﴾

ধ্বংস যারা পরিমাপে কম দেয় তাদের জন্য। — আল-বায়ান
দুর্ভোগ ঠকবাজদের জন্য (যারা মাপে বা ওজনে কম দেয়), — তাইসিরুল
মন্দ পরিণাম তাদের জন্য যারা মাপে কম দেয়, — মুজিবুর রহমান
Woe to those who give less [than due], — Sahih International

১. দুর্ভোগ তাদের জন্য যারা মাপে কম দেয়(১),

(১) শুর্ভির্ক্ন অর্থ মাপে কম করা। যে এরূপ করে তাকে বলা হয় শুরুকুবী] কুরআনের এই আয়াত ও বিভিন্ন হাদীসে মাপ ও ওজনে কম করাকে হারাম করা হয়েছে এবং সঠিকভাবে ওজন ও পরিমাপ করার জন্য কড়া তাগিদ করা হয়েছে। যেমন বলা হয়েছেঃ "ইনসাফ সহকারে পুরো ওজন ও পরিমাপ করো। আমি কাউকে তার সামর্থের চাইতে বেশীর জন্য দায়িত্বশীল করি না।" [সূরা আল-আনআমঃ ১৫২] আরও বলা হয়েছেঃ "মাপার সময় পুরো মাপবে এবং সঠিক পাল্লা দিয়ে ওজন করবে।" [সূরা আল-ইসরা: ৩৫] অন্যত্র তাকীদ করা হয়েছেঃ "ওজনে বাড়াবাড়ি করো না, ঠিক ঠিকভাবে ইনসাফের সাথে ওজন করো এবং পাল্লায় কম করে দিয়ো না। [সূরা আর-রহমান: ৮–৯]। শুবাইব আলাইহিস সালামের সম্প্রদায়ের ওপর এ অপরাধের কারণে আযাব নাযিল হয় যে, তাদের মধ্যে ওজনে ও মাপে কম দেওয়ার রোগ সাধারণভাবে ছড়িয়ে পড়েছিল এবং শুবাইব আলাইহিস সালাম এর বারবার নসীহত করা সত্বেও এ সম্প্রদায়েটি এ অপরাধমূলক কাজটি থেকে বিরত থাকেনি।

তবে আয়াতে উল্লেখিত শুর্ন্নার্ভ্রাধ্য মাপ ও ওজনের মধ্যেই সীমিত থাকবে না; বরং মাপ ও ওজনের মাধ্যমে হোক, গণনার মাধ্যমে হোক অথবা অন্য কোন পন্থায় প্রাপককে তার প্রাপ্য কম দিলে তা শুর্ন্নত্র অন্তর্ভুক্ত হয়ে হারাম হবে। সুতরাং প্রত্যেক প্রাপকের প্রাপ্য পূর্ণমাত্রায় দেয়াই যে আয়াতের উদ্দেশ্য এ কথা বলাই বাহুল্য। উমর রাদিয়াল্লাহু 'আনহু জনৈক ব্যক্তিকে আসরের সালাতে না দেখে এ ব্যাপারে জিজ্ঞেস করলেন। সে একটি ওজর পেশ করল। তখন তিনি তাকে বললেন, শুর্ত্তিত্ব বস্তুর মধ্যে পূর্ণমাত্রায় দেয়া ও কম করা আছে। ফুর্নান্তা মালেক: ১/১২, নং ২২]। তাছাড়া ঝগড়া-বিবাদের সময় নিজের দলীল-প্রমাণাদি পেশ করার পর প্রতিপক্ষের দলীল-প্রমাণাদি পেশ করার সুযোগ দেয়াও এর অন্তর্ভুক্ত। [সা'দী]



তাফসীরে জাকারিয়া

১। ধ্বংস তাদের জন্য যারা মাপে কম দেয়,

-তাফসীরে আহসানুল বায়ান

• Source — https://www.hadithbd.com/quran/link/?id=5849

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন